105690

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

মুজিব শতবর্ষ MUJIB 100

নং-বামাশিবো/প্রশাসন/ ৪৭/২ /কুমিল্লা-২৬১

তারিখ: ২২ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
০৬ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

**বিষয়: অভিযোগ বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড স্মারক নং-বামাশিবো/প্রশা/২৩১২১১০৫৪৯০১/৩৮৩১১/নথি নং-২৬১; তারিখ: ২৭.০৬.২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলাধীন বাবুচি দারুচ্ছুন্নাহ দাখিল মাদ্রাসার দাতা সদস্য দাবীদার মাও: হাবীবুল্লাহ কাচপুরী দাখিলকৃত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে একখানা অভিযোগ দাখিল করেছেন। উল্লেখ্য, সিভিল পিটিশন নং-সিপি ১৬২৭/২০২১ এর রায় মোতাবেক সূত্রোক্ত স্মারকে অনুমোদিত এডহক কমিটিতে উক্ত মাদ্রাসার সভাপতি পদে উপজেলা নির্বাহী অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লাকে দায়িত্ব পালনে নির্দেশনা প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

বর্ণিত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সার্বিক বিষয়ে মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেক......০৭...... পাতা

০৬.০১.2022

**মো: সিদ্দিকুর রহমান**
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

৬/১/২০২২

জেলা প্রশাসক, কুমিল্লা

নং-বামাশিবো/প্রশাসন/ ৪৭/২ /কুমিল্লা-২৬১

তারিখ: ২২ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
০৬ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা;
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা;
৩. হাফেজ মা: হাবিব উল্লাহ কাঁচপুরী, (অভিযোগকারী), চৌদ্দগ্রাম, কুমিল্লা;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, বাবুচি দারুচ্ছুন্নাহ দাখিল মাদ্রাসা, চৌদ্দগ্রাম, কুমিল্লা;
৫. সভাপতি, বাবুচি দারুচ্ছুন্নাহ দাখিল মাদ্রাসা, চৌদ্দগ্রাম, কুমিল্লা;
৬. পি ও টু চেয়ারম্যান, পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

৬/১/২২

**মো: ওমর ফারুক**
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

৬/০১/২০২২

তারিখঃ ২২/১১/২০১১ইং

বরাবর,

রেজিষ্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড অফিস
বকশী বাজার, ঢাকা।

বিষয়ঃ **অনিয়ম, জালিয়াতির ও প্রতারণার মাধ্যমে গঠিত ম্যানেজিং কমিটির বিষয়ে তদন্তের প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণ করা প্রসঙ্গে।**

জনাব,

বিনীত নিবেদন এই যে, গত ২১/১০/২০২১ইং তারিখে প্রিজাইডিং অফিসার কর্তৃক বাবুচি দারুচ্ছুন্নাৎ দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি নির্বাচনের তফসিল ঘোষনা করা হয়। তফসিল অনুযায়ী ৩০/১০/২০২১ইং তারিখ হতে ০১/১১/২০২১ইং তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত মনোনয়ন ফরম ক্রয় ও জমা দেওয়ার সময় ও তারিখ উল্লেখ ছিল। সে মোতাবেক নিম্ন বর্নিত ব্যাক্তিবর্গ যথাক্রমে (০১) জনাব আলহাজ্ব হাফেজ মাওঃ হাবিব উল্লাহ কাঁচপুরী, দাতা সদস্য। (২) জনাব আবুল হোসেন, অভিভাবক সদস্য। (৩) জনাব মহসিন মজুঃ অভিভাবক সদস্য। (৪) জনাব নজির আহমদ, অভিভাবক সদস্য (৫) জনাব গোলাম রসুল, অভিভাবক সদস্য হিসাবে বৈধ নিয়মে ৩০/১০/২১ইং তারিখে মনানেয়ন ফরম ক্রয় করেন। ০১/১১/২০২১ইং তারিখে মনানেয়ন ফরম জমা দেওয়ার শেষ তারিখ ছিল। কিন্তু সুপার এ.বি.এম কবির হোসেন সু-পরিকল্পিতভাবে বহিরাগত সন্ত্রাসীদের দিয়ে ০১/১১/২০২১ইং তারিখে সকাল ১০:০০ ঘটিকায় হতে বিকাল ০৪:০০ ঘটিকায় পর্যন্ত মাদ্রাসা অফিস কক্ষ অবরুদ্ধ করে রাখেন। যে কারনে উপযুক্ত ব্যাক্তিগন তাদের মনোনয়ন ফরম জমা দিতে পারেন নাই। এ বিষয়ে তাৎক্ষনিকভাবে উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর পত্র মারফত অবহিত করা হয়।

মহোদয় আপনাকে দুঃখজনক ভাবে আরো জানাতে হচ্ছে যে, উক্ত কমিটি নির্বাচনে সুপার এ.বি.এম কবির হোসেন আরো যে সকল জালিয়াতির আশ্রয় নিয়েছেন তা নিম্নরূপঃ

(১) ২১/১০/২০১১ইং তারিখে বাবুচি দারুচ্ছুন্নাৎ দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি নির্বাচনে দাতা সদস্য ভোটার তালিকায় মোট ০৭ জন সদস্য ভোটার হিসাবে অন্তর্ভুক্ত হন। তার মধ্যে জনাব মোঃ আবুল হোসেন (অভিভাবক সদস্য) হিসাবে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হন এবং জনাব আলহাজ্ব হাফেজ মাওঃ হাবিব উল্লাহ কাচঁপুরী (দাতা সদস্য) হিসাবে মনোনয়ন ফরম ক্রয় করেন। তাহার প্রস্তাবকারী ছিলেন দাতা সদস্যর (৪নং) ভোটার জনাব আবদুল গফুর এবং তিনি লিখিত ভাবে জানান যে অন্য কাউকে দাতা সদস্য হিসাবে প্রস্তাবকারী বা সমর্থনকারী হিসাবে স্বাক্ষর করেন নাই। (০৫নং) ভোটার শাহিনা সুলতানা কাঁচপুরী (দাতা সদস্য) জনাব আলহাজ্ব হাফেজ মাওঃ হাবিব উল্লাহ কাঁচপুরীর সমর্থনকারী হিসাবে স্বাক্ষর করেন। (৬) ভোটার জনাব মোঃ শফিউল্লাহ বাবলু লিখিত ভাবে জানান যে তিনি কারো প্রস্তাবকারী বা সমর্থনকারী হিসাবে মনোনয়ন ফরমে স্বাক্ষর করেন নাই। এমতাবস্থায় জনাব আবু বকর ছিদ্দিক কিভাবে কোন প্রস্তাবকারী বা সমর্থনকারী ছাড়া দাতা সদস্য নির্বাচিত হয়েছেন তা প্রশ্ন সাপেক্ষ।

(২) গত ২৭/০৬/২০২১ইং তারিখে এডহক কমিটির সদস্য হিসাবে জনাব বজলুর রহমান কে অভিভাবক সদস্য হিসাবে নির্বাচিত হলে এবং একই ব্যাক্তিকে পুনরায় ভিন্ন নাম আবদুর রহমান নামে ১৭/১১/২০২১ইং তারিখে ম্যানেজিং কমিটির নির্বাচনে নির্বাচিত করা হয়। উক্ত নির্বাচনের ভোটার তালিকায় অভিভাবক শ্রেনীতে বজলুর রহমান নামে কোন অভিভাবক সদস্য নাম উল্লেখ নাই। সুপার এ.বি.এম কবির হোসেন ব্যাক্তিগত ক্ষমতাবলে একই ব্যাক্তিকে নিয়ম বহির্ভূতভাবে দুই নামে এডহক কমিটি ও নিয়মিত ম্যানেজিং কমিটিতে নির্বাচিত করেন। যাহা মারাত্বক প্রতারণা।

(৩) অত্র মাদ্রাসার সহকারী শিক্ষক মিনতি খাতুনের দায়ের কৃত মামলায় সুপার এ.বি.এম কবির হোসেন একজন ওয়ারেন্টভুক্ত আসামী। যাহার মামলার নং সি আর ২৭৭/২১(চকবাজার)। এরকম একজন আসামী কিভাবে সুপারের দায়িত্ব এবং মাদ্রাসার এডহক কমিটির সদস্য সচিবের দায়িত্ব পালন করে তা প্রশ্ন সাপেক্ষ।

এখানে উল্লেখ্য যে, সমস্ত নির্বাচনী প্রক্রিয়াটি মাদ্রাসা বোর্ড, ঢাকা প্রবিধানমালা ২০১৯ বিধি-১৪ থেকে বিধি-২৫ পর্যন্ত সম্পূর্ণ লঙ্ঘন পূর্বক করা হয়েছে যাহা বেআইনী এবং মাদ্রাসার স্বার্থের পরিপন্থী।

অতএব উল্লেখিত বিষয়ে সুষ্ঠ তদন্তের মাধ্যমে তদন্ত প্রতিবেদন দাখিল করতঃ উক্ত ম্যানেজিং কমিটি বাতিলের প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহন করতে মহোদয়ের সুমর্জি হয়।

বিনীত নিবেদক

(আলহাজ্ব হাফেজ মাওঃ হাবিব উল্লাহ কাঁচপুরী)
দাতা সদস্য
ভোটার নং ০২
বাবুচি দারুচ্ছুন্নাৎ দাখিল মাদ্রাসা

সংযুক্তিঃ-

১। মনোনয়ন ফরম ও রশিদ সমূহ।
২। প্রস্তাবকারী ও সমর্থনকারীগণের অঙ্গীকারনামা।
৩। উপজেলা নির্বাহী অফিসার বরাবরে দাখিলকৃত দরখাস্ত।
৪। এডহক কমিটির প্রজ্ঞাপন ও ভোটার তালিকা।
৫। সি.আর. মামলা নং-২৭৭/২১ইং এর কপি
এবং গ্রেফতারী পরোয়ানার কপি।

# প্রতিষ্ঠানের নামঃ বাবুচি দারুচ্ছুন্নাৎ দাখিল মাদ্‌রাসা

ঠিকানাঃ গ্রামঃ বাবুচি, পোঃআমজাদ নগর, থানাঃ চৌদ্দগ্রাম, জেলাঃকুমিল্লা।

চুড়ান্ত ভোটার তালিকা প্রকাশের তারিখঃ ২৪/১০/২০২১

## চুড়ান্ত ভোটার তালিকা ঃ ২০২১ইং

## ভোটারের শ্রেণীঃ দাতা

| ভোটার নং | ভোটারের নাম | পিতার নাম | গ্রাম | শ্রেণী | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | মোঃ আবু বকর ছিদ্দিক | মৃতঃ হাজী অহিদুর রহমান | বাবুচি | দাতা | |
| ০২ | আলহাজ্ব হাফেজ মাওঃ হাবিব উল্লাহ কাঁচপুরী | মৃতঃ আলহাজ্ব আবদুর রাজ্জাক | জগমোহনপুর | দাতা | |
| ---- | মোঃ আবুল হোসেন | মৃতঃ ছিদ্দিকুর রহমান | জগমোহনপুর | দাতা | অভিভাবক শ্রেনীতে ভোটার |
| ০৩ | মোঃ রফিকুল ইসলাম | মৃতঃ মুন্সী আলী আকবার | জগমোহনপুর | দাতা | |
| ০৪ | মোঃ আবদুল গফুর | মৃতঃ আমির হোসেন | জগমোহনপুর | দাতা | |
| ০৫ | শাহিদা সূলতানা কাঁচপুরী | মরহুম হাজী ইব্রাহীম খলিল (মুন্সী | জগমোহনপুর | দাতা | |
| ০৬ | মোঃ শফিউল্লাহ বাবলু | মৃতঃ আলহাজ্ব আবদুর রাজ্জাক | জগমোহনপুর | দাতা | |

সুপারের স্বাক্ষর

নামঃ এ.বি.এম কবির হোসেন

সীল

তারিখঃ ২৪/১০/২০২১

এ.বি.এম. কবির হোসেন
সুপারিনটেনডেন্ট